রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ২১, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

( শুল্ক )

প্রজ্ঞাপন

তারিখ, ৪ আশ্বিন ১৪০৯ বাংলা/১৯ সেপ্টেম্বর ২০০২ ইং

**এস, আর, ও নং ২৫৫-আইন/২০০২/১৯৭৩/শুল্ক।**—Customs Act, 1969 (IV of 1969) এর section 25A এর উদ্দেশ্যপূরণকল্পে, উক্ত Act এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এজেন্সী নিয়োগ এবং উক্ত এজেন্সী কর্তৃক প্রত্যয়নপত্র প্রদানের পরিধি (scope), পদ্ধতি (manner) ও প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলী নির্ধারণের জন্য নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অসদাচরণ" অর্থ পরিদর্শন সংস্থা কর্তৃক—

(অ) এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে পণ্য পরিদর্শন, পণ্যের মূল্য নির্ধারণ এবং প্রত্যয়নপত্র প্রদান ও প্রেরণ না করা ;

(আ) ভুল বা মিথ্যা প্রত্যয়নপত্র প্রদান করা ;

(ই) উহার কার্যমেয়াদে বাংলাদেশে বলবৎ আমদানি নীতি আদেশ অনুযায়ী আমদানি নিষিদ্ধ পণ্যের প্রত্যয়নপত্র প্রদান করা ;



মূল্য ঃ টাকা ৬.০০

(ঈ) প্রাপ্য নয় এমন বিল দাবী বা গ্রহণ করা ;

(উ) দরপত্রের সাথে দাখিলকৃত কোন অংগীকার ভঙ্গ করা ;

(ঊ) এমন কোন কাজ যাহা এই বিধিমালার সঙ্গে সংগতিপূর্ণ নহে ; এবং

(ঋ) আইন বা এই বিধিমালায় বর্ণিত কোন কার্য সম্পাদন বা দায়িত্ব পালন না করা অথবা আইন ও এই বিধিমালা বা বোর্ডের এতদসংশ্লিষ্ট কোন আদেশ যথাযথভাবে পালন না করা ;

(খ) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969) ;

(গ) "এনএন আরএফ" অর্থ এই বিধিমালার বিধি ১৭ এ বর্ণিত কোন Non-Negotiable Report of Findings (NNRF) ;

(ঘ) "কমিশনার" অর্থ আইনের section 3 এর অধীন নিযুক্ত কোন কর্মকর্তা ;

(ঙ) "ট্রাইবুন্যাল" অর্থ আইনের section 196 এর অধীন গঠিত Appellate Tribunal (**Customs, Excise and** মূল্য সংযোজন কর **Appellate Tribunal**) ;

(চ) "নিয়োগ কমিটি" অর্থ এই বিধিমালার বিধি ৬ অনুযায়ী গঠিত নিয়োগ কমিটি ;

(ছ) "প্রত্যয়নপত্র" বা "সিআরএফ **(CRF)**" অর্থ এই বিধিমালার বিধি ১২ এ বর্ণিত প্রত্যয়নপত্র ;

(জ) "পরিদর্শন সংস্থা" অর্থ আইনে যে অর্থে **pre-shipment inspection agency** অভিব্যক্তিটি ব্যবহৃত হইয়াছে সেই অর্থ ;

(ঝ) "পরিশিষ্ট" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন পরিশিষ্ট ;

(ঞ) "বিল অব এন্ট্রি" অর্থ আইনের section 2 (c) তে সংজ্ঞায়িত bill of entry ;

(ট) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue;

(ঠ) "ব্লক" অর্থ বিধি ৫ অনুসারে পরিশিষ্ট-১ এ বর্ণিত দেশসমূহের সমন্বয়ে গঠিত কোন ব্লক ;

(ড) "বিরোধ নিষ্পত্তি কমিটি" অর্থ এই বিধিমালার বিধি ২৩ এর অধীন গঠিত বিরোধ নিষ্পত্তি কমিটি ;

(ঢ) "ভ্যালুয়েশন এগ্রিমেন্ট" অর্থ Agreement on Implementation of Article VII of General Agreement on Tariffs and Trade (GATT), 1994 ;

(ণ) "মূল্যায়ন বিধিমালা" অর্থ শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ ;

৩। **পরিদর্শন সংস্থা নিয়োগ ও পদ্ধতি, ইত্যাদি।**—(১) আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে পরিদর্শন সংস্থা নিয়োগ করিতে হইবে।

(২) পরিদর্শন সংস্থা নিয়োগের জন্য বোর্ড বহুল প্রচারিত তিনটি ইংরেজীসহ মোট ছয়টি জাতীয় দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহ্বান করিবে।

(৩) দরপত্রদাতার প্রধান কার্যালয় দরপত্র দাখিল করিবে।

(৪) দরপত্র কারিগরী ও আর্থিক প্রস্তাব সম্বলিত হইতে হইবে এবং উভয় প্রস্তাব পৃথক পৃথক খামে ভরিয়া একটি টিন বা কাঠ নির্মিত বাক্সে তালাবদ্ধ ও সীলমোহর কৃত অবস্থায় দাখিল করিবে।

(৫) দরপত্রদাতা কারিগরী প্রস্তাবের সহিত নিম্ন-বর্ণিত দলিলপত্র দাখিল করিবে, যথা ঃ—

(ক) প্রতিটি ব্লকের জন্য পনের লক্ষ টাকার আর্নেষ্ট মানি (earnest money) বাবদ তফসিলভুক্ত বাংলাদেশের যে কোন ব্যাংকের গ্যারান্টি, যাহার কার্যকারিতা দরপত্র দাখিলের তারিখ হইতে একশত বিশ দিন পর্যন্ত কার্যকর থাকিবে ;

(খ) **International Federation of Inspection Agencies (IFIA)** এর সদস্য পদের হালনাগাদ সনদপত্র ;

(গ) পরিদর্শন সংস্থা হিসাবে অন্যূন দুইটি দেশের সরকারের সাথে দুই বৎসর মেয়াদে কাজ করার অভিজ্ঞতা সম্পর্কিত সম্পাদিত চুক্তির কপি অথবা নিয়োগপত্রের কপি এবং সম্পাদিত চুক্তি বা নিয়োগপত্র অনুযায়ী পূর্ণ কার্য-মেয়াদ সন্তোষজনকভাবে সম্পন্ন করা সম্পর্কে নিয়োগকারী দেশের সংশ্লিষ্ট সরকারী দপ্তরের প্রত্যয়নপত্র ;

(ঘ) দরপত্রদাতার—

(অ) আর্টিকেল অব এসোসিয়েশন ও মেমোরেন্ডাম অব এসোসিয়েশন ;

(আ) বিগত দুই বৎসরের আর্থিক বিবরণী সম্বলিত অডিট রিপোর্ট ;

(ই) অফিস সংক্রান্ত তথ্যাদি (পরিশিষ্ট-২ অনুযায়ী) ;

(ঈ) নিজস্ব পণ্য পরীক্ষাগার (**laboratory**) সম্পর্কিত তথ্যাদি (যদি থাকে) ;

(উ) প্রধান কার্যালয়ের অবস্থান, জনবল, প্রযুক্তিগত সুবিধা ও কার্যাবলী সম্বলিত বিবরণী ;

(ঊ) বাংলাদেশে কোন শাখা (**branch**) বা সহযোগী (**subsidiary**) অফিস থাকিলে উহার অবস্থান, জনবল, প্রযুক্তিগত সুবিধা ও কার্যাবলী সম্বলিত বিবরণী ;

(ঋ) কর্মমানের **ISO** সনদপত্র ;

(ঙ) পণ্য পরিদর্শন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশে দরপত্রদাতার কোন এজেন্ট থাকিলে—

(অ) এজেন্টের সহিত দরপত্র দাতার সম্পাদিত সংশ্লিষ্ট চুক্তিপত্রের কপি (পরিশিষ্ট-৩ অনুযায়ী) ;

(আ) এজেন্টের মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধনপত্র ও **Tax Identification Number (TIN)** সার্টিফিকেটের হালনাগাদ কপি ;

(ই) এজেন্টের অফিস ভবনের মালিকানাস্বত্ব সংক্রান্ত কাগজপত্র কিংবা ভাড়ার চুক্তিপত্রের কপি ;

(ঈ) দরপত্রদাতার প্রধান অফিস বা বিদেশে অবস্থিত অন্য কোন অফিস কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের দায়-দায়িত্ব এজেন্ট কর্তৃক গ্রহণ সম্পর্কে এজেন্টের অংগীকারনামা (পরিশিষ্ট-৪ অনুযায়ী) ;

(উ) এজেন্ট কর্তৃক সম্পাদিতব্য পরিদর্শন সংক্রান্ত কাজ কর্মের দায়-দায়িত্ব গ্রহণ সম্পর্কে দরপত্রদাতার অংগীকারনামা (পরিশিষ্ট-৫ অনুযায়ী) ; এবং

(ঊ) এজেন্টের অফিসের অবস্থান, জনবল, প্রযুক্তিগত সুবিধা ও কার্যাবলী ও জনবলের অভিজ্ঞতার বিবরণী সম্পর্কিত তথ্য ;

(চ) দরপত্রদাতা কর্তৃক বাংলাদেশে পূর্ববর্তী কোন কার্যমেয়াদে দায়িত্ব পালনকালে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অর্থদন্ড, যদি থাকে, পরিশোধ সম্পর্কে অংগীকারনামা (পরিশিষ্ট-৬ অনুযায়ী) ;

(ছ) ইতোপূর্বে কোন দেশের সরকার বা নিয়োগকারী কর্তৃক দরপত্রদাতা কালো তালিকাভুক্ত হইয়া থাকিলে উহার কারণসহ এই বিষয়ে সর্বশেষ অবস্থা সম্বলিত তথ্যাদিসহ হলফনামা ;

(জ) বিধি ২০ এর দফা (ক) ও (খ) মোতাবেক কার্যভার অর্পণ করা হইলে দরপত্রদাতা উহা পালনে বাধ্য থাকিবে মর্মে অংগীকারনামা ;

(ঝ) দফা (ক) হইতে (জ) এ বর্ণিত কাগজপত্র এবং দলিলপত্র নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত (notarised) হইতে হইবে।

(৬) কোন দরপত্রদাতা এক বা একাধিক ব্লকের জন্য দরপত্র দাখিল করিতে পারিবে এবং একাধিক ব্লকের জন্য দরপত্র দাখিল করিবার ক্ষেত্রে প্রতিটি ব্লকের জন্য পৃথক দরপত্র দাখিল করিতে হইবে ;

(৭) প্রতিটি প্রত্যয়নপত্র প্রদানের জন্য আমদানি পণ্যের কস্ট, ইন্স্যুরেন্স ও ফ্রেইট (সি.আই.এফ) মূল্যের শতাংশের ভিত্তিতে বাংলাদেশী মুদ্রায় দর উল্লেখ করিতে হইবে এবং এই দরের মধ্যে এই বিধিমালার আওতায় কার্য-নির্বাহের জন্য, বাংলাদেশে প্রদেয় মূল্য সংযোজন করসহ সকল প্রকার কর, চার্জ, ফিস ইত্যাদিসহ দরদাতার যাবতীয় খরচ অন্তর্ভুক্ত থাকিবে।

৪। **পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ।**—পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ হইবে উহার নিয়োগের তারিখ হইতে অন্যূন ৩ (তিন) বৎসর।

৫। **ব্লক গঠন।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশে পরিদর্শন সংস্থা কর্তৃক পরিদর্শন প্রযোজ্য পণ্য আমদানীর ভিত্তিতে পরিশিষ্ট-১ মোতাবেক সমগ্র বিশ্ব পাঁচটি ব্লকে বিভক্ত হইবে এবং বিধি ৬ এর উপ-বিধি (১০) এবং (১১) এর বিধান সাপেক্ষে, প্রত্যেক ব্লকের জন্য একটি পরিদর্শন সংস্থা নিয়োগ করা হইবে।

৬। **পরিদর্শন সংস্থার নিয়োগ কমিটি ও উহার দায়িত্ব ইত্যাদি।**—(১) পরিদর্শন সংস্থা নিয়োগের উদ্দেশ্যে সুপারিশ প্রদানের জন্য সরকার, পাঁচ সদস্যবিশিষ্ট একটি নিয়োগ কমিটি গঠন করিবে, যাহার মধ্যে অন্যূন দুইজন বেসরকারী সদস্য থাকিবে।

(২) নিয়োগ কমিটি, দরপত্র দাতা বা উহার প্রতিনিধির উপস্থিতিতে, দাখিলকৃত দরপত্র উন্মোচন করিবে এবং দরপত্রের (অন্যান্য শর্তের) শর্তাবলীর আলোকে প্রাথমিক যাচাইয়ের পর যথাযথভাবে পাওয়া সাপেক্ষে দরপত্রদাতাদের আর্থিক প্রস্তাব পৃথক খামে ভরিয়া পরবর্তীতে বাছাইয়ের জন্য সীলমোহরকৃত অবস্থায় এবং কারিগরী প্রস্তাবসমূহ যাচাই-বাছাইয়ের উদ্দেশ্যে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করিবে।

(৩) প্রাথমিক বাছাইকালে যাচাইয়ে দাখিলকৃত দরপত্র যথাযথভাবে পাওয়া না গেলে উহার ত্রুটিসমূহ লিপিবদ্ধ করিতে হইবে।

(৪) নিয়োগ কমিটি, দরপত্র উন্মোচনের পর অনধিক সাত কার্যদিবসের মধ্যে সংরক্ষিত কারিগরী প্রস্তাব যাচাই করিবে এবং অনধিক পনের কার্যদিবসের মধ্যে কারিগরী প্রস্তাবসমূহ যাচাই-বাছাই সম্পন্ন করিয়া কারিগরীভাবে যোগ্য দরপত্রদাতা নির্ধারণ করিবে এবং উহা যোগ্য দরপত্রদাতাদের অবহিত করিবে।

(৫) যে সকল দরপত্রদাতার কারিগরী প্রস্তাব অযোগ্য বিবেচিত হইবে সে সকল দরপত্রদাতার আর্থিক প্রস্তাবের খামটি না খুলিয়া কারণ উল্লেখপূর্বক উহা দরপত্র দাতার নিকট ফেরত প্রদান করিবে।

(৬) নিয়োগ কমিটি, কারিগরীভাবে যোগ্য দরপত্রদাতা বাছাইয়ের সাত কার্যদিবসের মধ্যে উহাদের আর্থিক প্রস্তাবসমূহ বাছাইয়ের জন্য উন্মোচন করিবে।

(৭) নিয়োগ কমিটি উপ-বিধি (৪) অনুসারে কারিগরীভাবে যোগ্য দরপত্রদাতার আর্থিক প্রস্তাব বাছাই করিয়া ব্লকওয়ারী সর্বনিম্ন দরের ক্রমানুসারে, একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করতঃ উহার আলোকে দরপত্রদাতাদের একটি প্যানেল তৈরী করিবে।

(৮) আর্থিক দরপত্র উন্মোচনের তারিখ হইতে অনধিক পনের কার্যদিবসের মধ্যে, উপ-বিধি (৭) অনুযায়ী তৈরীকৃত প্যানেল সরকারের নিকট সুপারিশ আকারে পেশ করিবে।

(৯) একই ব্লকে দরপত্র দাতাদের দর সমান হইলে কারিগরীভাবে প্রস্তাব বাছাইকালে অধিকতর যোগ্য দরপত্রদাতার দরকে সর্বনিম্ন দর হিসাবে গণ্য করা হইবে।

(১০) নিয়োগ কমিটির সুপারিশ প্রাপ্তির অনধিক সাত কার্যদিবসের মধ্যে সরকার উক্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্যানেল হইতে সর্বনিম্ন দরপত্রদাতাকে সংশ্লিষ্ট ব্লকে পরিদর্শন সংস্থা হিসাবে নিয়োগ করিবে।

(১১) কোন দরপত্রদাতা একাধিক ব্লকে সর্বনিম্ন দরপত্রদাতা হিসাবে বিবেচিত হইলে উক্ত দরপত্র দাতা তাহার পছন্দমত যে কোন একটি ব্লক বাছিয়া নিতে পারিবে এবং অবশিষ্ট ব্লকের জন্য সংশ্লিষ্ট ব্লকের দ্বিতীয় সর্বনিম্ন দরপত্রদাতাকে তাহার প্রদত্ত দরের পরিবর্তে প্রথম সর্বনিম্ন দরপত্রদাতার দরে উক্ত ব্লকে পরিদর্শন সংস্থা হিসাবে নিয়োগ প্রাপ্ত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, দ্বিতীয় সর্বনিম্ন দরপত্রদাতা প্রথম সর্বনিম্ন দরপত্রদাতার দরের প্রস্তাবের সহিত সম্মত না হইলে একইভাবে পর্যায়ক্রমে একই ব্লকের অন্যান্য দরপত্রদাতাদেরকে পরিদর্শন সংস্থা হিসাবে নিয়োগের প্রস্তাব করা হইবে এবং কোন দরপত্রদাতা উক্তরূপ নিয়োগের প্রস্তাবে সম্মতি প্রদান না করিলে প্রথম সর্বনিম্ন দরপত্রদাতাকে তাহার সর্বনিম্ন দরে একাধিক ব্লকে নিয়োগ প্রদান করা হইবে।

(১২) উপ-বিধি (১০) অথবা উপ-বিধি(১১) অনুযায়ী সরকারের সিদ্ধান্ত অবহিত হইবার অনধিক সাত কার্যদিবসের মধ্যে দরপত্রদাতাকে পরিশিষ্ট-৭ অনুযায়ী, দুই কোটি টাকার একটি **Performance Bond** দাখিল করিতে হইবে, যাহার কার্যকারিতা চুক্তির মেয়াদ শেষ হইবার তারিখ হইতে পরবর্তী ১২ (বার) মাস পর্যন্ত কার্যকর থাকিবে।

(১৩) উপ-বিধি (১২) অনুযায়ী **Performance Bond** দাখিলের অনধিক সাত কার্যদিবসের মধ্যে সরকার দরপত্রদাতার সহিত চুক্তি সম্পাদনের মাধ্যমে বিধি ৪ এ বর্ণিত মেয়াদের জন্য পরিদর্শন সংস্থা হিসাবে নিয়োগ প্রদান করিবে।

৭। **দরপত্র বাতিলের ক্ষমতা** ।—সরকার, কোন কারণ দর্শানো ব্যতিরেকে, যে কোন সময়ে পরিদর্শন সংস্থা নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্র বা দাখিলকৃত দরপত্র বাতিল করিতে পারিবে।

৮। **পরিদর্শন সংস্থার কার্যাবলী** ।—পরিদর্শন সংস্থার কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(১) বিধি ১০ এর বিধান সাপেক্ষে জাহাজীকরণ বা যানজাতকরণের পূর্বে বাংলাদেশে রপ্তানীর জন্য প্রস্তুতকৃত পণ্য পরিদর্শন ;

(২) রপ্তানীকারক কর্তৃক সরবরাহকৃত পণ্যের ইনভয়েস ও প্যাকিংলিস্টের আলোকে পণ্যের বর্ণনা, পরিমাণ ও গুণগতমান যাচাইকরণ ;

(৩) বিধি ১২ এর উপ-বিধি (৪) এর দফা (খ) এর বিধান সাপেক্ষে পণ্যের শুল্ক শ্রেণীবিন্যাসকরণ ;

(৪) বিধি ১৩ এর বিধান সাপেক্ষে পণ্যের মূল্য নির্ধারণ ;

(৫) পরিদর্শিত পণ্যের যানজাতকরণ বা জাহাজীকরণ নিশ্চিত করণার্থে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিতে হইবে, যথা ঃ—

(ক) জাহাজীকরণ বা যানজাতকরণের পূর্বে পরিদর্শনকৃত পণ্য **Full Cargo Load (FCL)** কন্টেইনারে বোঝাইকরণ তত্ত্বাবধান করিয়া নিজ সংস্থার নম্বর ও লোগোযুক্ত সীল দ্বারা কন্টেইনার সীলবদ্ধকরণ ;

(খ) জাহাজীকরণ বা যানজাতকরণের পূর্বে পরিদর্শনকৃত পণ্য **Least Cargo Load (LCL))** কন্টেইনারে বোঝাইকরণ তত্ত্বাবধান করিতে হইবে এবং উক্ত পণ্য বাক্স (Box) অথবা প্যাকেটে আবদ্ধ থাকিলে উহাতে নিরাপত্তা বন্ধনী ব্যবহার করিতে হইবে, যদি পণ্য অন্যভাবে প্যাকেটে আবদ্ধ করা হয় সেইক্ষেত্রে এইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে যাতে পরিদর্শনের পরে যাহাতে উক্ত পণ্যে কোনরূপ পরিবর্তন করা সম্ভব না হয় ; এবং

(গ) কন্টেইনারজাতকরণ ব্যতীত অন্য কোনভাবে পরিবাহিত পণ্যের জাহাজীকরণ বা যানজাতকরণের ক্ষেত্রে বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণপূর্বক পরিদর্শিত এবং প্রত্যায়িত পণ্যের সামঞ্জস্যতা নিশ্চিতকরণ ;

(৬) পণ্য পরিদর্শন, যাচাই ও মূল্য নির্ধারণের পর, বিধি ১২ এর বিধান সাপেক্ষে, পণ্যের বর্ণনা, পরিমাণ, গুণগতমান, মূল্য ও শুল্ক শ্রেণীবিন্যাস সম্পর্কিত তথ্যাদিসহ প্রত্যয়নপত্র প্রদান ;

(৭) প্রত্যয়নপত্র প্রদানের সাথে সাথে পরিদর্শিত পণ্য সংশ্লিষ্ট ইনভয়েস ও প্যাকিংলিস্ট সত্যায়িত করিয়া রপ্তানীকারককে প্রদান ; এবং

(৮) বিধি ১৪ এর বিধান মোতাবেক প্রত্যয়নপত্র প্রেরণ।

৯। **পরিদর্শন সংস্থার দায়িত্ব** ।—পরিদর্শন সংস্থার দায়িত্ব নিম্নরূপ হইবে, যথা ঃ—

(১) পরিদর্শন সংস্থার উপর আরোপিত মূল্য সংযোজন কর, আয়কর, অগ্রিম আয়কর, শুল্ক, চার্জ, ফিস, ইত্যাদি প্রদান ;

(২) পরিদর্শন সংস্থার নিজ ব্যয় ও ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে পরিশিষ্ট-৮ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ দ্বারা প্রশিক্ষণ প্রদান ও তদন্তের (investigation) ব্যবস্থা করা ;

(৩) **GATT Valuation Agreement** এর নীতিমালা প্রয়োগের সুবিধার্থে ব্যবহার উপযোগী একটি কার্যকর **Valuation Data Base** তৈরীর ক্ষেত্রে কমিশনার (শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ অডিট) কে তথ্য ও প্রযুক্তিগত সহায়তা প্রদান ;

(৪) বোর্ডের সাথে পরামর্শক্রমে বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি ব্যবহারকারীদের **(users)** কে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং উক্ত পদ্ধতি প্রচারের জন্য ব্যবস্থা গ্রহণ ;

(৫) পরিদর্শন কার্যে কমিশনারের সাথে যোগাযোগ রক্ষার সুবিধার্থে যে শহরে কমিশনারের অফিস অবস্থিত থাকিবে সেই শহরে পরিদর্শন সংস্থা কর্তৃক একটি শাখা বা অফিস স্থাপন ;

(৬) পরিদর্শন কার্যক্রম স্বচ্ছতার সহিত পরিচালনা এবং এতদুদ্দেশ্যে রপ্তানিকারকের অনুরোধের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সংশ্লিষ্ট আইন ও পদ্ধতি এবং পরিদর্শনের ক্ষেত্রে যে মানদন্ড ব্যবহৃত হইবে সেই সম্পর্কিত তথ্য রপ্তানিকারককে সরবরাহ ;

(৭) আমদানীকারকদের বিভিন্ন অভিযোগ, অনুরোধ ও সমস্যা জ্ঞাত হওয়া এবং তদানুযায়ী ব্যবস্থাপনা উন্নয়নের জন্য নিযুক্ত সকল পরিদর্শন সংস্থা কর্তৃক **Federation of Bangladesh Chamber of Commerce & Industry** - এ একটি অফিস স্থাপন ;

(৮) পণ্য পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার সময় রপ্তানিকারকের পণ্যের ব্যাপারে প্রাপ্ত তথ্য বাণিজ্যিক গোপনীয় তথ্য হিসাবে গণ্য করিবে এবং কোন তৃতীয় পক্ষের কাছে অথবা গণমাধ্যমে উক্ত তথ্য যাহাতে প্রকাশ না পায় সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা ; এবং

(৯) বোর্ড কর্তৃক নির্ধারিত পণ্যের রাসায়নিক পরীক্ষা সম্পাদন এবং প্রত্যয়নপত্রের সহিত উহা প্রেরণ করা।

১০। **পণ্য পরিদর্শন পদ্ধতি।**—পণ্য পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন সংস্থাকে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(১) আমদানীতব্য পণ্য যেই দেশে জাহাজীকরণ হইবে সেই দেশে পণ্য পরিদর্শন ;

(২) ব্যাংক হইতে আমদানী ঋণপত্র বা ঋণপত্র অথরাইজেশন ফরম এবং, ক্ষেত্রবিশেষে, বোর্ড হইতে পণ্য পরিদর্শনের অনুরোধপত্র পাইবার একটি কার্যদিবসের মধ্যে পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ প্রধান অফিস কর্তৃক উহার সংশ্লিষ্ট বিদেশী অফিস বরাবরে আমদানিতব্য পণ্য পরিদর্শনের জন্য অনুরোধপত্র প্রেরণ ;

(৩) পণ্য পরিদর্শনের অনুরোধপত্র প্রাপ্তির একটি কার্যদিবসের মধ্যে পরিদর্শন সংস্থা পণ্য পরিদর্শনার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রপ্তানীকারকের নিকট লিখিত অনুরোধপত্র প্রেরণ এবং উক্ত অনুরোধ পত্র প্রেরণের পর রপ্তানীকারকের নিকট হইতে পণ্য পরিদর্শনের আহ্বান প্রাপ্তির তিনটি কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে পণ্য পরিদর্শন শুরু করা ঃ

তবে শর্ত থাকে যে, কোন দৈব-দুর্ঘটনা পরিদর্শন সংস্থাকে নির্ধারিত পরিদর্শন কার্য হইতে বিরত রাখিলে রপ্তানীকারকের সহিত আলোচনাক্রমে পরিদর্শন সংস্থা অন্য কোন নির্ধারিত তারিখে পরিদর্শন কার্য সম্পাদন করিবে এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে ঃ

আরও শর্ত থাকে যে, ভুল বা রপ্তানীকারকের অন্য কোন গাফিলতির কারণে যদি পণ্য পুনঃ পরিদর্শনের প্রয়োজন হয় তাহা হইলে রপ্তানীকারক কর্তৃক প্রচলিত হারে ফি পরিশোধের সম্মতি পাওয়া সাপেক্ষে পরিদর্শন সংস্থা উক্ত পণ্য পুনঃ পরিদর্শন করিবে এবং বিষয়টি বোর্ডকে অবহিত করিবে ; এবং

(৪) প্রত্যয়নপত্র প্রদানের পূর্বে পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ প্রধান অফিস কর্তৃক ঋণপত্র বা ঋণপত্র অথরাইজেশন ফরম, করদাতা সনাক্তকরণ নম্বর (**TIN**) ও মুল্য সংযোজন কর (**VAT**) নিবন্ধন নম্বরের সত্যতা যাচাই এবং এইরূপ যাচাইয়ে কোন অসংগতি পাওয়া গেলে প্রত্যয়নপত্র প্রদান স্থগিতকরণের জন্য উক্ত সংস্থার বিদেশী অফিসে ফ্যাক্স বা ই-মেইলের মাধ্যমে বার্তা প্রেরণকরতঃ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিতকরণ।

১১। **বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতা।**—আইনের section 25B এর proviso এর অধীন কোন পণ্য প্রি-শিপমেন্ট পরিদর্শনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে উক্ত পণ্য ব্যতীত, বাংলাদেশে আমদানি করা হইবে এইরূপ সকল পণ্য প্রি-শিপমেন্ট পরিদর্শনের আওতাভুক্ত হইবে।

১২। **প্রত্যয়নপত্র প্রদান পদ্ধতি।**—নিম্নবর্ণিত পদ্ধতিতে পরিদর্শিত পণ্যের প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে, যথা :—

(১) সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থা উহার নিজস্ব লেটারহেড প্যাডে পরিশিষ্ট-৯, প্রত্যয়নপত্র প্রদান করিবে ;

(২) ৮.৫ ও ১১ ইঞ্চি পরিমাপের কাগজে প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে যাহাতে জালিয়াতি প্রতিরোধক নিম্নবর্ণিত ব্যবস্থাদি থাকিবে, যথা :—

(ক) Coloured pattern background ;

(খ) Micro-printed side border ;

(গ) Warning band ;

(ঘ) Artifical water marks ;

(ঙ) ODT Void copy protection ;

(চ) Stock control number ;

(ছ) প্রত্যয়নপত্রে Hologram সংযুক্তকরণ এবং ধারাবাহিক নম্বর প্রদানের জন্য সুনির্দিষ্ট ঘর চিহ্নিত থাকিবে ;

(৩) প্রত্যয়নপত্রে—

(ক) পরিদর্শন সংস্থার অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর এবং Dry Embossed Seal থাকিবে ;

(খ) Hot stamping পদ্ধতিতে উহাতে কমপক্ষে ১ সেঃমিঃ X ২ সেঃমিঃ আকারের Hologram প্রযুক্ত করিতে হইবে ;

(গ) একাধিক পৃষ্ঠা থাকিলে উহার প্রতিটি পৃষ্ঠায় একই পদ্ধতিতে Hologram প্রযুক্ত করিতে হইবে ;

(ঘ) গাঢ় কালো কালিতে স্বয়ংক্রিয় পারফোরেটিং নাম্বারিং মেশিনে ১০ ডিজিট সম্পন্ন ধারাবাহিক "জারী নম্বর" প্রদান করিতে হইবে, যাহার প্রথম দুইটি হইবে সংস্থার পরিচয় জ্ঞাপক, দ্বিতীয় দুইটি হইবে বর্ষজ্ঞাপক এবং সর্বশেষটি হইবে চেক ডিজিট এবং উক্ত নম্বর মুদ্রণ করিতে হইবে ;

(ঙ) কন্টেইনার নম্বর ও সীল নম্বর উল্লেখ করিতে হইবে ;

(চ) পরিদর্শিত পণ্যের ক্ষেত্রে বাংলাদেশে আপাততঃ বলবৎ আমদানি নীতি আদেশে বর্ণিত কোন আদেশ বা শর্ত প্রতিপালিত না হইয়া থাকিলে উহা সুনির্দিষ্টভাবে প্রত্যয়নপত্রের ক্রমিক ১৮ এর বিপরীতে উল্লেখ করিতে হইবে ; এবং

(ছ) ভ্যালুয়েশন এগ্রিমেন্টের কোন পদ্ধতি বা আর্টিকেল অনুসারে পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণ করা হইয়াছে উহা প্রত্যয়নপত্রের ক্রমিক ২০ এর বিপরীতে উল্লেখ করিতে হইবে ;

(৪) প্রত্যয়নপত্রে পরিদর্শিত পণ্যের—

(ক) বিধি ১৫ এর বিধান অনুযায়ী কস্ট, ইন্সুরেন্স ও ফ্রেইট (**CIF**) মূল্য উল্লেখ করিতে হইবে ;

(খ) আইনের **First Schedule** অনুযায়ী শ্রেণীবিন্যাস (**classification**) করিতে ;

(গ) আইনের **First Schedule** এর সংশ্লিষ্ট **Heading No.** এবং **H.S. Code** এর বিপরীতে উল্লিখিত **Description** অনুযায়ী বর্ণনা প্রদান করিতে হইবে ;

(ঘ) পণ্যের বাণিজ্যিক নাম ও বর্ণনা (পণ্যের ব্রান্ড, আর্ট নং, মডেল, বৈশিষ্ট্য, গুণাগুণ) এবং, প্রযোজ্য ক্ষেত্রে, গুণগত মান (**Physical property and chemical property**) অনুযায়ী হইবে ;

(ঙ) বর্ণনা ও প্রত্যায়িত শ্রেণীবিন্যাস সাদৃশ্যপূর্ণ হইতে হইবে।

(৫) বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতি ও শর্ত সাপেক্ষে সাময়িক প্রত্যয়নপত্র প্রদান করা যাইবে।

১৩। **পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণ পদ্ধতি**।—পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(১) ভ্যালুয়েশন এগ্রিমেন্ট অনুযায়ী পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণ ও প্রত্যয়ন করিতে হইবে ;

(২) ইনভয়েসে ঘোষিত মূল্য বৃদ্ধি করিয়া প্রত্যয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারককে তাহার বক্তব্য উপস্থাপনের যথাযথ সুযোগ প্রদান করিতে হইবে ;

(৩) মূল্য নির্ধারণের পূর্বে রপ্তানীকারকের নিকট হইতে, ভ্যালুয়েশন এগ্রিমেন্টের আলোকে, বোর্ড কর্তৃক প্রণীত ফরমে, তথ্য সংগ্রহ করিতে হইবে এবং উহা প্রত্যয়নপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।

১৪। **প্রত্যয়নপত্র প্রেরণ পদ্ধতি**।—(১) রপ্তানীকারকের নিকট হইতে চূড়ান্ত ইনভয়েস ও প্যাকিংলিস্ট প্রাপ্তি সাপেক্ষে পরিদর্শন সংস্থা পণ্য পরিদর্শন সমাপ্তির পাঁচ কার্যদিবসের মধ্যে বিধি ১২ এর অধীন প্রত্যয়নপত্র উহার বাংলাদেশ অফিসে প্রেরণ করিবে।

(২) পরিদর্শন সংস্থার বাংলাদেশ অফিস উপ-বিধি (১) এর অধীন উহার বিদেশস্থ অফিস হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র দুই কার্যদিবসের মধ্যে শুল্ক ভবন বা শুল্ক স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট পৌঁছাইবে এবং উক্ত প্রত্যয়নপত্রের একটি সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট ঋণপত্র ইস্যুকারী ব্যাংকে প্রেরণ করিবে।

(৩) পরিদর্শন সংস্থা পরিদর্শন সংক্রান্ত প্রত্যয়নপত্র ফ্যাক্স বা ই-মেইলের মাধ্যমে প্রেরণ করিতে পারিবে।

১৫। **প্রত্যয়নপত্র সংশোধন**।—প্রত্যয়নপত্র প্রদানের পর উহাতে কোন সংশোধন প্রয়োজন হইলে পরিদর্শন সংস্থা, কারণ উল্লেখপূর্বক উক্ত প্রত্যয়নপত্র সংশোধন করতঃ বিল অব এন্ট্রি দাখিলের পূর্বে সংশোধিত প্রত্যয়নপত্র প্রদান করিতে পারিবে এবং তদমর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে।

১৬। **প্রত্যয়নপত্র বাতিলের ক্ষমতা**।—বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রত্যয়নপত্র বাতিল করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, বাতিলকৃত প্রত্যয়নপত্রভুক্ত পণ্য চালানের শুল্কায়ন এমনভাবে সম্পন্ন করা হইবে যেন প্রত্যয়নপত্র বাতিল হয় নাই।

১৭। **এনএনআরএফ প্রদান ও প্রেরণ পদ্ধতি**।—(১) পরিদর্শন সংস্থার নিকট পণ্য পরিদর্শনকালে যদি প্রতীয়মান হয় যে পণ্যের মূল্য এবং এইচ, এস, কোড ব্যতীত অন্য যে কোন বিষয়ে রপ্তানীকারকের প্রদত্ত ঘোষণা যুক্তিসংগত নহে এবং এইরূপ অসংগতি দূর করিতে রপ্তানীকারক ব্যর্থ হন বা অসম্মতি জ্ঞাপন করেন, তাহা হইলে পরিদর্শন সংস্থা রপ্তানীকারকের উক্ত ব্যর্থ হওয়া বা অসম্মতি জ্ঞাপনের পাঁচ কার্যদিবসের মধ্যে উহার বাংলাদেশ অফিসে পরিশিষ্ট-১০ অনুযায়ী এনএনআর এফ প্রেরণ করিবে ; এবং

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রেরিত এনএনআরএফ প্রাপ্তির দুই কার্যদিবসের মধ্যে উহার বাংলাদেশ অফিস সংশ্লিষ্ট শুল্ক ভবন বা শুল্ক স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে দাখিল করিবে।

১৮। **আমদানীকারকের দায়িত্ব**।—বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতির আওতাভুক্ত পণ্য আমদানীর ক্ষেত্রে আমদানিকারকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) আমদানীতব্য পণ্যটি বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতাভুক্ত কিনা তাহা নিশ্চিতকরণ ;

(খ) ঋণপত্র (L/C) খুলিবার সময় উহাতে যে দেশ হইতে পণ্য জাহাজীকরণ করা হইবে সেই দেশ যে ব্লকভুক্ত সেই ব্লকের জন্য নিযুক্ত পরিদর্শন সংস্থার নাম উল্লেখকরণ ; এবং

(গ) বোর্ড বা পরিদর্শন সংস্থার স্থানীয় অফিস বা এফবিসিসিআই এর সাথে যোগাযোগ ক্রমে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের পদ্ধতি সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি অবহিত হওয়া।

১৯। **ব্যাংকের দায়িত্ব**।—বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতিতে ঋণপত্র ইস্যুকারী ব্যাংকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতাধীন পণ্য আমদানীর জন্য ইস্যুতব্য ঋণপত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তকে বাধ্যতামূলক শর্ত হিসাবে সংযোজন এবং ইন্সুরেন্স কাভার নোট, আমদানীকারক এর করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) ও মূল্য সংযোজন কর (VAT) নিবন্ধন নম্বরের একটি সত্যায়িত কপিসহ ঋণপত্রের একটি কপি পরিদর্শন সংস্থার ঢাকাস্থ অফিসে প্রেরণ ;

তবে শর্ত থাকে যে, ঋণপত্র ব্যতিরেকে কেবলমাত্র লেটার অব ক্রেডিট অথরাইজেশন ফরম (LCAF) এর ভিত্তিতে পণ্য আমদানি করা হইলে লেটার অব ক্রেডিট অথরাইজেশন ফরম (LCAF) ইস্যুকারী ব্যাংক ঋণপত্রের (L/C) স্থলে বোর্ড কর্তৃক নির্ধারিত লেটার অব ক্রেডিট অথরাইজেশন ফরম (LCAF) পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ অফিসে প্রেরণ করিবে ;

(খ) ঋণপত্র (L/C) বাতিল হইলে সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থাকে অবহিতকরণ ;

(গ) পণ্য পরিদর্শনের পর ঋণপত্র বাতিল হইলে আমদানিকারকের ঋণপত্রের মার্জিন হইতে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস চার্জ কর্তনপূর্বক সরকারী কোষাগারে এবং পরিদর্শন সংস্থার প্রাপ্য ফিস কর্তনপূর্বক উহার বাংলাদেশ অফিসের অনুকূলে জমা প্রদান ;

(ঘ) পরিদর্শন সংস্থার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি পৃষ্ঠাংকন করতঃ আমদানীকারককে সরবরাহকরণ ;

(ঙ) বোর্ডের চাহিদা মোতাবেক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের ঋণপত্র সংক্রান্ত তথ্যাদি সরবরাহ ; এবং

(চ) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতিতে ঋণপত্র খোলা সম্পর্কে আমদানীকারক কোন তথ্য জানিতে চাহিলে উক্ত তথ্য আমদানীকারককে অবহিতকরণ।

২০। **পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল**।—সরকার যে কোন সময়, পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করিতে পারিবে এবং পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করা হইলে সরকার, বোর্ডের সুপারিশক্রমে, জনস্বার্থে নিম্নের যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা ঃ—

(ক) বাতিলকৃত পরিদর্শন সংস্থার কার্যভার উহার উদ্ধৃত সর্বনিম্ন দরে অন্য ব্লকের জন্য নিযুক্ত যে কোন পরিদর্শন সংস্থাকে অর্পণ ;

(খ) বাতিলকৃত পরিদর্শন সংস্থার উদ্ধৃত দরে কাজে সম্মত বিধি ৬ এর উপ-বিধি (৭) অনুযায়ী গঠিত প্যানেলভুক্ত এমন কোন সংস্থাকে নিয়োগ ; এবং

(গ) দফা (ক) ও (খ) এ বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা সম্ভব না হইলে বাস্তব অবস্থা বিবেচনাক্রমে অন্য যেইরূপ ব্যবস্থা গ্রহণ করা সমীচীন ও প্রয়োজনীয় সেইরূপ ব্যবস্থা গ্রহণ।

২১। **প্রত্যায়িত পণ্য সরেজমিনে পরীক্ষা (physical examination) পদ্ধতি**।—শুল্ক কর্মকর্তা বিধি ১২ অনুযায়ী প্রাপ্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে নিম্নরূপ পদ্ধতিতে পণ্যের সরেজমিনে পরীক্ষা করিবেন, যথা ঃ—

(ক) প্রত্যয়নপত্রে বর্ণিত পণ্যের বর্ণনা, পরিমাণ, গুণগতমান ও শুল্ক শ্রেণীবিন্যাসের সত্যতা সম্পর্কে নিশ্চিত হইবার জন্য কম্পিউটারে ঝুঁকি ব্যবস্থাপনা ভিত্তিক দৈবচয়নের মাধ্যমে শুল্ক কর্তৃপক্ষ দৈনিক গৃহীত প্রত্যয়নপত্রের শতকরা ৬ ভাগ এবং দৈবচয়ন ব্যতিরেকে সংশ্লিষ্ট কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা শতকরা ৪ ভাগ বা অন্যূন ১টি, যাহাই অধিক হয়, সরেজমিনে পরীক্ষার জন্য বাছাই করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যে সকল শুল্ক ভবন বা শুল্ক স্টেশনে কম্পিউটারের মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা ভিত্তিক দৈবচয়ন ব্যবস্থা প্রবর্তিত হয় নাই সেই সকল শুল্ক ভবন বা শুল্ক স্টেশন এর ক্ষেত্রে বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত নির্ণায়কের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দৈনিক প্রাপ্ত প্রত্যয়নপত্রের শতকরা ১০ ভাগ কিংবা অন্যূন ১টি, যাহাই অধিক হয়, সরেজমিনে পরীক্ষার জন্য বাছাই করিবেন ;

(খ) প্রত্যয়নপত্র ভুক্ত পণ্যের চালান সরেজমিনে পরীক্ষার জন্য বাছাই করিবার দিন হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পণ্য চালান সরেজমিনে পরীক্ষা শুরু করিতে হইবে এবং যুক্তিসংগত সময়ের মধ্যে উহা সম্পন্ন করিতে হইবে এবং কোনরূপ রাসায়নিক পরীক্ষাও সরেজমিনে পরীক্ষা বলিয়া গণ্য হইবে ;

(গ) সরেজমিনে পরীক্ষার সময় আমদানীকারক বা তাহার প্রতিনিধি ও পরিদর্শন সংস্থার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে উপস্থিত থাকিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, সরেজমিনে পরীক্ষার পূর্বে যুক্তিসংগত সময় প্রদান করিয়া লিখিত নোটিশ প্রদান করিবেন এবং উক্তরূপ পরীক্ষার প্রতিবেদনে উপস্থিত আমদানীকারক বা তাহার প্রতিনিধি ও পরিদর্শন সংস্থার প্রতিনিধি স্বাক্ষর করিবেন ;

(ঘ) বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতাভুক্ত কোন পণ্যচালান সরকার কর্তৃক নিযুক্ত কোন পরিদর্শন সংস্থা কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ব্যতিরেকে আমদানিপূর্বক শুল্কায়নের জন্য বিল অব এন্ট্রি দাখিল করিলে উক্তরূপ পণ্যের চালান সরেজমিনে পরীক্ষার জন্য বাছাই করিবার ক্ষেত্রে দফা (ক) এর বিধান প্রযোজ্য হইবে না এবং সংশ্লিষ্ট কমিশনার, বোর্ড কর্তৃক নির্দেশিত পন্থায়, উক্ত পণ্যের চালান সরেজমিনে পরীক্ষা সম্পন্ন করিবেন ;

(ঙ) সরেজমিনে পরীক্ষার জন্য বাছাইকৃত পণ্য চালানের শতকরা কত ভাগ সরেজমিনে পরীক্ষা করা হইবে তাহা কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করিবেন ;

(চ) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড যে-কোন পণ্যের চালান সরেজমিনে পরীক্ষার জন্য আদেশ প্রদান করিতে পারিবে এবং যে-কোন শুল্ক স্টেশনের ক্ষেত্রে সরেজমিনে পরীক্ষার জন্য প্রত্যয়নপত্র বাছাইয়ের হার আদেশ জারীর মাধ্যমে নির্ধারণ করিতে পারিবে ; এবং

(ছ) এই বিধির অধীন কোন পণ্যের চালান সরেজমিনে পরীক্ষা করা হইলে, উক্ত পণ্য চালানের শুল্কায়ন, সরেজমিনে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উহার প্রতিবেদন প্রাপ্তির দিন হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

২২। **প্রত্যয়নপত্রের ব্যবহার।**—(১) কোন প্রত্যয়নপত্র বা সংশোধিত প্রত্যয়নপত্র এই বিধিমালা মোতাবেক যথাযথ পাওয়া গেলে উহা শুল্কায়নের ভিত্তি হিসাবে গৃহীত হইবে এবং সংশ্লিষ্ট শুল্ক ভবন বা শুল্ক স্টেশনে উক্ত পণ্য চালানের বিল অব এন্ট্রি প্রাপ্তির তারিখ হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে উক্ত পণ্য চালানের শুল্কায়ন সম্পন্ন করিতে হইবে।

(২) কোন প্রত্যয়নপত্র যাচাইকালে যদি ক্ষমতাপ্রাপ্ত কোন শুল্ক কর্মকর্তার নিকট যদি প্রতীয়মান হয় যে, পণ্যের প্রত্যায়িত মূল্য বা H. S. Code যথাযথ নয়, তাহা হইলে তিনি মূল্যায়ন বিধিমালার ভিত্তিতে, সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে, এই বিধিমালা এবং আইনের বিধান অনুযায়ী উক্ত পণ্যের শুল্কায়নের লক্ষ্যে উহার প্রকৃত মূল্য এবং H. S. Code নির্ধারণ করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর বিধান অনুযায়ী কোন পণ্যের উপর অতিরিক্ত শুল্ক-কর প্রদেয় হইলে এবং আমদানীকারক বা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি উক্ত শুল্ক-কর নগদ পরিশোধে সম্মত হইলে উহার চূড়ান্ত শুল্কায়ন করিতে হইবে।

(৪) আমদানীকারক বা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি উপ-বিধি (২) এর বিধান অনুযায়ী প্রদেয় অতিরিক্ত শুল্ক-কর নগদ প্রদানে অসম্মত হইলে, উক্ত শুল্ক-করের জন্য ব্যাংক গ্যারান্টি প্রদান সাপেক্ষে উক্ত পণ্যের সাময়িক শুল্কায়ন করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কমিশনার, বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তে, কোন শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানীকৃত পণ্যের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টির পরিবর্তে অংগীকারনামা গ্রহণ করিতে পারিবেন।

২৩। **বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন ও উহার কার্যপদ্ধতি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড প্রতিটি শুল্ক ভবন বা শুল্ক স্টেশনে অনধিক ৫(পাঁচ) সদস্যবিশিষ্ট একটি বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন করিবে, যাহাতে অন্যূন ২ (দুই) জন বে-সরকারী সদস্য থাকিবেন।

(২) বিরোধ নিষ্পত্তি কমিটির কার্য-পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) পরিদর্শন সংস্থা অথবা আমদানীকারক শুল্ক কর্মকর্তার কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে উক্তরূপ সংক্ষুব্ধ হওয়ার কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে বিরোধ নিষ্পত্তি কমিটির নিকট অভিযোগ দাখিল করিবে;

(খ) দফা (ক) অনুযায়ী লিখিত অভিযোগ প্রাপ্তির পর বিরোধ নিষ্পত্তি কমিটি সংশ্লিষ্ট আমদানীকারক ও পরিদর্শন সংস্থার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রাসংগিক বিষয়াদি পর্যালোচনাক্রমে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে এবং উক্ত সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে দুই কার্যদিবসের মধ্যে উক্ত পণ্যের চালান শুল্কায়ন করিতে হইবে; এবং

(গ) অন্যূন তিন জন সদস্যের উপস্থিতিতে বিরোধ নিষ্পত্তি কমিটির বৈঠকের কোরাম গঠিত হইবে ও উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের সিদ্ধান্ত কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে।

২৪। **পুনঃবিবেচনা (review)।**—(১) বিরোধ নিষ্পত্তি কমিটির সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে যে কোন পক্ষ উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট উহা পুনঃ বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী আবেদন প্রাপ্তির অনধিক সাত কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার সিদ্ধান্ত প্রদান করিবেন।

২৫। **পরিদর্শন সংস্থা কর্তৃক সংঘটিত অপরাধের বিরুদ্ধে তদন্ত ও উহার শাস্তি।**—(১) বোর্ড অথবা বোর্ডের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এই বিধিমালার অধীন পরিদর্শন সংস্থার বিরুদ্ধে আনীত যে কোন অভিযোগ তদন্ত করিতে পারিবে।

(২) যদি কোন পরিদর্শন সংস্থার বিরুদ্ধে নিম্নবর্ণিত টেবিলের কলাম ২-এ বর্ণিত অপরাধ প্রমাণিত হয় তাহা হইলে, উহার জন্য আপাততঃ বলবৎ অন্য কোন আইনের আওতায় প্রাপ্য কোন শাস্তি প্রদানের ক্ষমতা ক্ষুণ্ন না করিয়া এবং উহার অতিরিক্ত হিসাবে, টেবিলের কলাম ৪-এ বর্ণিত

কর্মকর্তা বা কর্তৃপক্ষ উক্ত পরিদর্শন সংস্থাকে শুনানীর সুযোগ প্রদান করিয়া উহার বিরুদ্ধে টেবিলের কলাম ৩ এ বর্ণিত অর্থদন্ড প্রদান করিতে পারিবেন, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | আরোপনীয় দন্ড | দন্ড আরোপকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | অসদাচরণ করে এবং তাহা রাজস্ব হানিকর না হয়। | অনধিক (not exceeding) ৫০ (পঞ্চাশ) হাজার টাকা। | আইনের section 179 এর TABLE এ বর্ণিত সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তা। |
| ২। | অসদাচরণ করে ও তাহা রাজস্ব হানিকর হয় এবং যদি উক্ত রাজস্ব ব্যাংক গ্যারান্টি বা অন্য কোন উপায়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক সুরক্ষিত হইয়া থাকে। | অনধিক ১ (এক) লক্ষ টাকা। | |
| ৩। | অসদাচরণ করে ও তাহা রাজস্ব হানিকর হয় এবং যদি উক্ত রাজস্ব ব্যাংক গ্যারান্টি বা অন্য কোন উপায়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক সুরক্ষিত না হইয়া থাকে। | হানিকৃত রাজস্বের সমপরিমাণ অর্থ ও সংশ্লিষ্ট প্রত্যয়ন-পত্রের জন্য প্রাপ্য ফি এর সমপরিমাণ অর্থদন্ড। | |

(৩) উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী তদন্তে পরিদর্শন সংস্থার বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত হইলে উক্ত পরিদর্শন সংস্থাকে শুনানীর সুযোগ প্রদান করিয়া বোর্ড উহার বিরুদ্ধে নিম্নবর্ণিত যে কোন দন্ড আরোপ করিতে পারিবে, যথা ঃ—

(ক) কৃত অপরাধ রাজস্ব হানিকর না হইলে অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড;

(খ) কৃত অপরাধ রাজস্ব হানিকর হইলে এবং হানিকৃত রাজস্ব ব্যাংক গ্যারান্টি বা অন্য কোন উপায়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক সুরক্ষিত করা হইয়া থাকিলে সংশ্লিষ্ট প্রত্যয়ন পত্রের জন্য প্রাপ্য ফি এর সমপরিমাণ অর্থদন্ড ও উক্ত ফি বাতিল; এবং

(গ) কৃত অপরাধ রাজস্ব হানিকর হইলে এবং হানিকৃত রাজস্ব ব্যাংক গ্যারান্টি বা অন্য কোন উপায়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক সুরক্ষিত করা না হইয়া থাকিলে হানিকৃত রাজস্বের সমপরিমাণ অর্থদন্ড ও সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের জন্য প্রাপ্য ফি বাতিল।

২৬। **পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিলকরণ।**—(১) অসদাচরণের কারণে সরকার, বোর্ডের সুপারিশক্রমে, কোন পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করিবার পূর্বে উক্ত পরিদর্শন সংস্থাকে শুনানীর সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) যদি কোন নিয়োগকৃত পরিদর্শন সংস্থা দেউলিয়া ঘোষিত হয়, তাহা হইলে উক্ত পরিদর্শন সংস্থা যেই তারিখ হইতে দেউলিয়া ঘোষিত হইবে সেই তারিখ হইতে সরকার কর্তৃক উক্ত পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৭। **Performance Bond নগদায়ন বা অবমুক্তকরণ**।—(১) কোন নিষ্পত্তিকৃত (settled) বা অবিতর্কিত (undisputed) সরকারী পাওনা আদায়ের জন্য বোর্ড এই বিধিমালার অধীন প্রদত্ত Performance Bond আংশিক বা সম্পূর্ণ নগদায়ন ও বাজেয়াপ্তির আদেশ প্রদান করিতে পারিবে।

(২) Performance Bond আংশিক বাজেয়াপ্ত করা হইলে এবং উক্ত পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল না করা হইয়া থাকিলে উক্ত সংস্থাকে আংশিক বাজেয়াপ্তকৃত অর্থের সমপরিমাণ অর্থ উপ-বিধি (১) তে উল্লিখিত আদেশ পনের কার্যদিবসের মধ্যে ব্যাংক গ্যারান্টি হিসাবে সরকারের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৩) কোন পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করা হইলে বা Performance Bond এর মেয়াদ উত্তীর্ণ হইলে, যদি সরকারের নিকট উক্ত পরিদর্শন সংস্থার কোন দায় বা অন্য কোন অনিষ্পত্তিকৃত দায় বা দায়িত্ব না থাকে তাহা হইলে বোর্ড Performance Bond অবমুক্ত করিবে।

২৮। **কেন্দ্রীয় পরিবীক্ষণ (monitoring) কমিটি গঠন**।—(১) পরিদর্শন সংস্থার কার্যাবলী কেন্দ্রীয়ভাবে পরিবীক্ষণের জন্য সরকার অনধিক সাত সদস্যবিশিষ্ট একটি কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি গঠন করিবে, যাহাতে অন্যূন তিন জন বেসরকারী সদস্য থাকিবেন।

(২) উক্ত কমিটি প্রতি তিন মাস অন্তর অন্তর বৈঠকে মিলিত হইয়া পরিদর্শন সংস্থার কার্যক্রম ও উদ্ভূত সমস্যাদি পর্যালোচনা করিবে এবং বোর্ডের নিকট সুপারিশ পেশ করিবে।

(৩) কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির সুপারিশের ভিত্তিতে বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৯। **স্থানীয় পরিবীক্ষণ (monitoring) কমিটি গঠন**।—প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি স্থানীয় পর্যায়ে পরিবীক্ষণের লক্ষ্যে বোর্ড শুল্ক ভবন বা ক্ষেত্রমত শুল্ক স্টেশনসমূহে অনধিক পাঁচ সদস্য বিশিষ্ট একটি করিয়া স্থানীয় পরিবীক্ষণ কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটি পরিদর্শন সংস্থার কার্যক্রম সংশ্লিষ্ট সমস্যা, যদি থাকে, পর্যালোচনাক্রমে সুপারিশ আকারে উহা বোর্ডকে অবহিত করিবে।

৩০। **অডিট**।—(১) বোর্ড আইনের section 83D এর অধীনে নিযুক্ত পেশাদার অডিটর বা অডিট ফার্ম (professional auditor or audit firm) দ্বারা যে-কোন পরিদর্শন সংস্থার কার্যক্রম অডিট করিতে পারিবে।

(২) অডিট রিপোর্ট পর্যালোচনা করিয়া যদি প্রতীয়মান হয় যে, পরিদর্শন সংস্থা অসদাচরণ জনিত অপরাধ করিয়াছে তাহা হইলে বোর্ড বিধি ২৫ এ বর্ণিত যে-কোন দন্ড আরোপ করিতে পারিবে।

৩১। **মাসিক বিবরণী দাখিল**।—(১) প্রত্যেক পরিদর্শন সংস্থা প্রতি মাসের কার্যক্রম সংক্রান্ত বিবরণী পরবর্তী মাসের পনের তারিখের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ছকে মুদ্রিত এবং কম্পিউটার ডিস্কেটে, বোর্ড এবং কমিশনার (শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ অডিট) এর দপ্তরে দাখিল করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে প্রাপ্ত বিবরণী কমিশনার (শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ অডিট) পরীক্ষা-নিরীক্ষা করিয়া প্রতি মাসে সুপারিশসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবেন।

৩২। **পরিদর্শন সংস্থার পরিদর্শন ফিসের হার।**—(১) পরিদর্শন সংস্থা প্রতিটি প্রত্যয়নপত্রের জন্য বিধি ৩১ এর বিধান সাপেক্ষে নিয়োগকৃত দর অনুসারে ফিস পাইবে।

(২) উপ-বিধি (১) অথবা এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, প্রত্যেক পরিদর্শন সংস্থা নিম্নরূপ সর্বনিম্ন ফিস প্রাপ্য হইবে, যথা ঃ—

(ক) **US$ 5000** এর সমান কিংবা কম মূল্যের (**CIF**) মানের পণ্য চালান পরীক্ষাপূর্বক প্রত্যয়নপত্র ইস্যুর জন্য **US$ 175** ; এবং

(খ) **US$ 5000** এর অধিক মূল্যের (**CIF**) পণ্য চালান পরীক্ষাপূর্বক প্রত্যয়নপত্র ইস্যুর জন্য **US$ 250** ঃ

তবে শর্ত থাকে যে, ঋণপত্রে আংশিক যানজাতকরণের শর্ত না থাকিলে প্রতিটি **L/C** এর পণ্যের বিপরীতে একাধিক প্রত্যয়নপত্র ইস্যু করিয়া সর্বনিম্ন ফিস দাবী করা যাইবে না।

৩৩। **পরিদর্শন ফিসের জন্য বিল দাখিল পদ্ধতি।**—পরিদর্শন ফিস প্রাপ্তির জন্য পরিদর্শন সংস্থা নিম্নবর্ণিত পদ্ধতিতে বিল দাখিল করিবে, যথা ঃ—

(ক) সংশ্লিষ্ট কমিশনারের নিকট বাংলাদেশী টাকায় বিল দাখিল করিতে হইবে, তবে এই ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা রূপান্তরের ভিত্তি হইবে বিল পরিশোধের পূর্ববর্তী মাসে চট্টগ্রাম শুল্ক ভবন কর্তৃক জারীকৃত মাসিক বিনিময় হারের গড় (monthly exchange rate);

(খ) বিল মাসিক ভিত্তিতে দাখিল করিতে হইবে;

(গ) শুল্ক ভবন বা স্টেশনে পৌছানো হয়েছে এইরূপ প্রত্যয়নপত্রের বিল দাখিল করা যাইবে; এবং

(ঘ) যে সকল প্রত্যয়নপত্রের বিপরীতে বিল দাবী করা হইয়াছে বোর্ড কর্তৃক প্রণীত ছকে উহার বিবরণী বিলের সাথে দাখিল করিতে হইবে।

৩৪। **পরিদর্শন ফিস পরিশোধের পদ্ধতি।**—পরিদর্শন সংস্থাসমূহের পরিদর্শন ফি পরিশোধের জন্য সরকার প্রত্যেক কমিশনারের অধীনে একটি নির্দিষ্ট অংকের টাকা পুনর্ভরণযোগ্য তহবিল অগ্রীম হিসাবে প্রদান করিবে।

(২) পরিদর্শন সংস্থা হইতে বিল প্রাপ্তির অনধিক ত্রিশ কার্য দিবসের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষা-নিরীক্ষার পর বিলে অন্তর্ভুক্ত ফিসের কোন অংশ সম্পর্কে আপত্তি থাকিলে সেই অংশ ব্যতীত অবশিষ্ট বিল সংশ্লিষ্ট কমিশনার পরিশোধ করিবে।

(৩) পরিদর্শন ফিস বাংলাদেশী মুদ্রায় পরিশোধ করা হইবে।

৩৫। **বৈদেশিক মুদ্রায় ফিস রূপান্তর।**—পরিদর্শন ফিস হিসাবে প্রাপ্ত অর্থের অনধিক ৭৫% বৈদেশিক মুদ্রায় রূপান্তর করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে রূপান্তরের ভিত্তি হইবে রূপান্তরের দিন স্থানীয় বাজারে প্রচলিত বিনিময় হার (exchange rate).

৩৬। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এস, আর, ও নং ৩১৬/আইন/৯৯/১৮০৭/শুল্ক, তারিখ ১৯শে অক্টোবর, ১৯৯৯ইং এর দ্বারা জারীকৃত প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশ, ১৯৯৯ অতঃপর উক্ত আদেশ বলিয়া অভিহিত হইবে, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত আদেশ রহিত করা সত্ত্বেও রহিতকৃত আদেশ এর অধীনকৃত যাবতীয় কাজকর্ম ও গৃহীত ব্যবস্থা, এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

পরিশিষ্ট-১

[বিধি ২(ঠ) দ্রষ্টব্য]

## ব্লক (*Formation of Block*)

### ব্লক-এ (*Block-A*) :

| Sl. No. | Country |
|---|---|
| 1. | India |
| 2. | Sri Lanka |
| 3. | Bhutan |
| 4. | Nepal |

### ব্লক-বি (*Block-B*) :

| Sl. No. | Country |
|---|---|
| 1. | China |
| 2. | Hong Kong |
| 3. | Korea (N & S) |
| 4. | Singapore |
| 5. | Myanmar |
| 6. | Vietnam |
| 7. | Pakistan |

### ব্লক-সি (*Block-C*) :

| Sl. No. | Country |
|---|---|
| 1. | Japan |
| 2. | Indonesia |
| 3. | Cambodia |
| 4. | Solomon Islands |
| 5. | Malaysia |

ব্লক-ডি *(Block-D)* :

| Sl. No. | Country | Sl. No. | Conntry |
|---|---|---|---|
| 1. | Thailand | 16. | Ghana |
| 2. | Australia | 17. | Kenya |
| 3. | New Zealand | 18. | Nigeria |
| 4. | Bahrain | 19. | Seychelles |
| 5. | Iran | 20. | Tanzania |
| 6. | Jordan | 21. | Zimbabwe |
| 7. | Kuwait | 22. | Canada |
| 8. | Lebanon | 23. | U.S.A |
| 9. | Oman | 24. | South Africa |
| 10. | Qatar | 25. | Fiji |
| 11. | Saudi Arabia | 26. | Kiribati |
| 12. | Syria | 27. | Vanuatu |
| 13. | U.A.E | 28. | Papua N.G. |
| 14. | Egypt | 29. | Philippines |
| 15. | Ethiopia | | |

ব্লক-ই *(Block-E)* :

| Sl. No. | Country | Sl. No. | Conntry |
|---|---|---|---|
| 1. | Norway | 17. | Lithuania |
| 2. | Turkey | 18. | Latvia |
| 3. | UK | 19. | Poland |
| 4. | Italy | 20. | Romania |
| 5. | Netherlands | 21. | Russia |
| 6. | Belgium | 22. | Slovenia |
| 7. | Switzerland | 23. | Ukraine |
| 8. | Germany | 24. | Taiwan |
| 9. | Denmark | 25. | Argentina |
| 10. | Spain | 26. | Brazil |
| 11. | France | 27. | Chile |
| 12. | Ireland | 23. | Mexico |
| 13. | Sweden | 29. | Peru |
| 14. | Other European Countries | 30. | Uruguay |
| 15. | Czech Republic | 31. | Venezuela, and |
| 16. | Estonia | 32. | Countries, rest of the World which is/are not included in the other Block. |

পরিশিষ্ট-২

[বিধি ৩(৫)(ঘ)(ই) দ্রষ্টব্য]

**অফিসারের বিবরণী (Statement of Offices) of the Inspection Agency in the countries mentioned in Annex-1)**

| Sl. No. | Name of the Country | Location (Road & City) of the office | Status (Branch/ Agency) of the office | Functions (in brief) of the office | Manpower of the office | Logistics of the office |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | | 3 | 4 | 5 | 6 |
| 1. | | | | | | |
| 2. | | | | | | |
| 3. | | | | | | |
| 4. | | | | | | |
| 5. | | | | | | |

For M/S ..................................

পরিশিষ্ট-৩

[বিধি ৩(৫)(ঙ)(অ) দ্রষ্টব্য]

## AGREEMENT BETWEEN THE PRINCIPAL AND THE LOCAL AGENT

In consideration of conducting Pre-shipment Inspection services in Bangladesh and abroad by the parties to this Agreement, this Agreement is made on the [Date and Year] between [Name and Address of the Principal] herein referred to as (The "First Party", (Name and Address of the Agent), Bangladesh, herein referred to as "the Second Party."

It is hereby agreed by both parties to abide by the following terms and conditions for Pre-shipment and Post Landing Inspection within the framework of law, rules and regulations of the Government of the People's Republic of Bangladesh and the National Board of Revenue (NBR) for services provided within Bangladesh as well as abroad :

1. That the Second Party, will conduct its inspection as a local representative of the First Party, in Bangladesh.
2. That both parties, while conducting Pre-shipment Inspection (PSI) and Post Landing Inspection (PLI) in Bangladesh, shall abide by the terms and conditions, law, rules and regulations as laid down by the Government of the People's Republic of Bangladesh, National Board of Revenue, Semi-Government, Autonomous Bodies, Corporations and any such offices organizations in Bangladesh as the case may be.
3. That the First Party shall undertake full responsibilities as well as liabilities for manners, conduct, duties, and responsibilities of all of its world-wide wholly-owned Offices, Subsidiaries, Joint Ventures, Affiliates and Agents for conducting Pre-shipment Inspection in respect of Value, Quality, Quantity, Description and H.S. Code Classification of imported goods and on any and all work to be undertaken by it for shipments to or from Bangladesh.
4. That the First Party shall ensure that all of its world-wide wholly-owned Offices, Subsidiaries, Joint Ventures, Affiliates and Agents will abide by the terms and conditions provided in law, rules and regulations for conducting Pre-shipment Inspection Services relating to Value, Quality, Quantity, Description and H.S. Code Classification of imported goods to be undertaken for customs purposes in accordance with the provisions of Pre-shipment Inspection Rules, 2002 of the Government of the People's Republic of Bangladesh and all or any work done or undertaken for any other purposes.

5. That both parties agree that any violation or negligence on the above clauses shall be regarded as gross misconduct and shall be treated as breach of conduct.

6. That on such violation of terms and conditions as laid down above, and any genuine claim on such matters is received by either party for violation or negligence, shall be duly compensated by the party responsible for such misconduct or violation, or negligence of duty.

For..............................Ltd. For..............................Ltd.

Principal Agent

Witnesses :

1.

2.

পরিশিষ্ট-৪

[বিধি ৩(৫)(ঙ)(জি) দ্রষ্টব্য]

## Undertaking

No. ..................................... Date : .......................

The Secretary,
Internal Resources Division,
and
Chairman, National Board of Revenue,
Segunbagicha, Dhaka, Bangladesh.

**Subject : Undertaking by the local Inspection Agency for obligations and responsibilities of the Certificates.**

We,.............(name and address of agent)....agent of .........the (**name and address of the bidder**) in Bangladesh, do hereby undertake all obligations and full responsibilities of the Clean Report of Findings (CRF) issued by the Head Office or any other branch or subsidiary office of the (bidder name and address) as the case may be.

For M/S...

পরিশিষ্ট-৫

[ বিধি ৩ (৫) (ভ) (উ) দ্রষ্টব্য]

## Undertaking

No ....................................

Date : ..................................

The Secretary,
Internal Resources Division,
and
Chairman, National Board of Revenue,
Segunbagicha, Dhaka, Bangladesh.

**Subject :** Undertaking by the Head office of the Inspection Agency for obligations and responsibilities of the Agent/Branch/Subsidiary office.

We, the Head Office of the (***Bidder's name and address***), do hereby undertake all obligations and full responsibilities of our issuing offices or branch or subsidiary offices as the case may be.

For

M/s ........................

পরিশিষ্ট-৬

[ বিধি ৩ (৫) (চ) দ্রষ্টব্য]

No ......................... Date .......................

The Secretary,
Internal Resources Division,
and
Chairman, National Board of Revenue,
Segunbagicha, Dhaka, Bangladesh.

We .... (***name and address of the bidders***)......, do here by undertake that we shall pay fines and penalties imposed by the Customs authority during our previous contract period if the fine or penalties become payable after the settlement of the pending cases in the Tribunal.

For M/s ...........................

পরিশিষ্ট-৭

[বিধি ৬ (১২) দ্রষ্টব্য]

The Chairman

National Board of Revenue

Government of the People's Republic of Bangladesh

Segunbagicha, Dhaka-1000.

## PERFORMANCE BOND

Reference: **Bank Guarantee No ..........................dated............................**

**for Tk. ..................................(Taka .... ........................only)**.

01. We . (Name of the Bank and Address) hereby bind ourselves to stand as Guarantor on behalf of (Name and Address of the Pre-shipment Inspection Agency) and their local agent (Name and Address of the bidder/agent). to the Government of Bangladesh through the National Board of Revenue for the amount of Taka .................................................. (Taka ..........................................only) as bond to cover any liability arising out of Conducting Pre-shipment Inspection (PSI) activities by M/S. (Name of the bidder).

This Guarantee shall be binding on us for period of 4 (four) years from the date of appointment of M/S. (Name of the bidder/agent) as Pre-shipment Inspection (PSI) Agent.

02. - We agree and undertake to make unconditional payment up to Taka ..............................(Taka ......................................only) being the amount of security to the Government of Bangladesh on demand without any question and without reference to M/S. (Name of the Pre-shipment Inspection (PSI) Agency) or their local agent.

03. We ...... (name and address of Bank) ....... , do hereby confirm that we have furnished the performance bond as per the format provided by National Board of Revenue.

for Name of the Bank
Dhaka Branch

Dated ............200...

Authorised Signature

পরিশিষ্ট-৮

[বিধি ৯ (২) দ্রষ্টব্য]

**(Annual Training and Investigation Requirement)**

| *Sl. No.* | *Name of the course (Sl.No.1—4)* | *Place* | *No. of Officer* | *Duration (Days)* |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1. | Customs Valuation | Foreign | 7 | 10 |
| 2. | Post Clearance Audit Techniques | Foreign | 7 | 10 |
| 3. | Customs Valuation | Local | 10 | 15 |
| 4. | Post Clearance Audit Techniques | Local | 10 | 15 |
| 5. | Investigation Requirement (Not training) | Foreign | 20 | 03 |

For M/S ....................

পরিশিষ্ট-৯

[বিধি ১২ (১) দ্রষ্টব্য]

# Clean Report of Findings (CRF)

**CRF No:**

01. L/C Issuing Bank:
02. L/C No. and Date:
03. Buyer:
04. Seller:
05. Proforma Invoice/Indent No.
06. Date:
07. Final Invoice No.
08. Date:
09. (a) Container No.
    (b) Seal No.
10. Date:
11. Packing:

**12. Detailed Reports of goods Inspected:**

| **Item** | **Description of Goods As per First Schedule of the Customs Act, 1969 (IV of 1969)** | **Commercial Description (Brand no. Model no. art. No, chemical or physical Property)** | **Quantity** | **Unit** | **H.S Code** | **CIF Value** |
|---|---|---|---|---|---|---|
| | If more products, See additional page (s) | | | | | |
| | | | **Total** | | | |

**13. Place of Inspection:** **14. Date:**

**15. Issued By:** **16 Date:**

**17. Reference No.** **18. Specify Which statutory requirements of Import Policy Order, inforce, have not been fulfilled**

**19. Comments about the quality of the inspected goods:**

**a)**

**b)**

**c)**

↓

**20. Remarks (if any):**

..................................................

**Authorised signature**

পরিশিষ্ট-১০

[বিধি ১৭ (১) দ্রষ্টব্য]

## Non-Negotiable Report of Findings (NNRF)

**CRF No.:**

**01. L/C Issuing Bank:**

**02. L/C No. and Date:**

**03. Buyer:**

**04. Seller:**

**05. Proforma Invoice/Indent No.** **06. Date:**

**07. Reasons for Issuing NNRF;**

**08. Place of Inspection** **09. Date:**

**10. Issued By;** **11. Date:**

**12. Remarks:**

..............................

**Authorised**

**Signature**

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ শোয়েব আহমেদ
সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।